# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নংঃ ১৭/২০১৫**

**অভিযোগকারী ঃ জনাব ফকির এ মতিন**
পিতা-মৃত আছমত আলী
গ্রাম- কালাইরপাড়
পোষ্ট+উপজেলা-গফরগাঁও
জেলা-ময়মনসিংহ।

**প্রতিপক্ষ ঃ জনাব মোঃ জাবির ইবনে হাফিজ**
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বিআরডিবি, গফরগাও, ময়মনসিংহ।

## সিদ্ধান্তপত্র।

**(তারিখ ঃ ০৮-০৪-২০১৫ ইং)**

অভিযোগকারী জনাব ফকির এ মতিন ১৩-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), গফরগাঁও ইউ.সি.সি.এ.লিঃ, বিআরডিবি, গফরগাঁও, ময়মনসিংহ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**ক. গফরগাঁও ইউজিসিএ লিঃ এর নির্বাচন/১৪ তে ভোট প্রয়োগকারী প্রাথমিক সমবায় সমিতি কর্তৃক ভোটার প্রতিনিধির ছবিসহ দেয় পরিচয়পত্র [বিধি-৩(২) দ্রষ্টব্য] এর সত্যায়িত ফটোকপি। সংসদ নির্বাচন কমিটির কাছে দাখিলকৃত সকল।**

**খ. পরিচয়পত্রের সাথে সংযুক্ত সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা কমিটির ভোটার প্রতিনিধি প্রেরণের রেজুলেশনের সত্যায়িত ফটোকপি।**

**গ. ব্যালট পেপারের মুরির সত্যায়িত ফটোকপি। ইস্যুকৃত সকল মুরি।**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ৩০-১২-২০১৪ তারিখে জনাব মোঃ আকলাছুর রহমান, উপ-পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বিআরডিবি, ময়মনসিংহ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৫-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফকির এ মতিন হাজির। জনাব মোঃ জাবির ইবনে হাফিজ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বিআরডিবি, গফরগাঁও, ময়মনসিংহ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত ৩ টি তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, সমবায় আইন ও বিধি ৩৫ এর ২ উপবিধি মোতাবেক কাগজপত্রাদি বস্তায় সীলগালা করে সভাপতির নিকট হস্তান্তর করা হয় এবং তার নিকট সংরক্ষিত রয়েছে। সীলগালা বস্তা খোলার জন্য আদালতের অনুমতি প্রয়োজন রয়েছে বিধায় তিনি অভিযোগকারীর যাচিত তথ্য সরবরাহ করতে পারেননি।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। কোন আইন অনুযায়ী নির্বাচন সংক্রান্ত কাগজপত্রাদি সম্বলিত সীলগালাকৃত বস্তা খোলার বিষয়ে আদালতের অনুমতির প্রয়োজন হবে কমিশনের এমন প্রশ্নের জবাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) দেশের প্রচলিত আইনের বিষয়টি উল্লেখ করেন। সমবায় আইন ও বিধিমালা এবং অন্যান্য আইন সম্পর্কে সুস্পষ্ট ধারনা প্রয়োজন থাকায় প্রতিপক্ষ সময়ের আবেদন জানালে অধিকতর শুনানীর জন্য ১৮-০৩-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফকির এ মতিন হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ জাবির ইবনে হাফিজ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বিআরডিবি, গফরগাঁও, ময়মনসিংহ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, সমবায় আইন ও বিধিমালার ৩৫ এর উপধারা ২ এ নির্বাচন সংক্রান্ত কাগজপত্রাদি সংরক্ষণের বিষয়টি বলা রয়েছে তবে সীলগালাকৃত বস্তা খোলার বিষয়ে উক্ত আইনে কিছু উল্লেখ করা হয়নি। ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতির নিকট সীলগালাকৃত বস্তা সংরক্ষিত রয়েছে। ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতি কমিশনের কোন নির্দেশনা ব্যতিরেকে তাকে সীলগালাকৃত বস্তা খোলার অনুমতি দিবেন না মর্মে জানিয়েছেন। তিনি ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতিসহ পরবর্তী শুনানীর জন্য অনুরোধ করেন। ০৮-০৪-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতির প্রতি সমন জারী করা হয়।

০৭। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফকির এ মতিন হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ জাবির ইবনে হাফিজ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বিআরডিবি, গফরগাঁও, ময়মনসিংহ হাজির কিন্তু ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতি একটি কুলখানি অনুষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্ব থাকায় সময়ের প্রার্থনা করে গরহাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি বারবার কমিশনের শুনানীতে হাজির হচ্ছেন এবং আজকে তথ্য প্রদানের বিষয়ে সমাধান চেয়ে কমিশনের নিকট অনুরোধ জানান।

০৮। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, নির্বাচন সংক্রান্ত কাগজপত্রাদি সম্বলিত সীলগালাকৃত বস্তা খোলার বিষয়ে সমবায় আইন ও বিধিতে স্পষ্ট নির্দেশনা না থাকায় নির্বাচন সংক্রান্ত দেশের প্রচলিত আইন ও বিধিমালা মোতাবেক নির্বাচনী ট্রাইব্যুনাল বা নির্বাচনী আপিল ট্রাইব্যুনাল গণনাকৃত ব্যালট পেপার পরিদর্শনের জন্য উহার মুড়িপত্র এবং দলিল দস্তাবেজ সম্বলিত প্যাকেট খুলিবার আদেশ প্রদান করতে পারবেন। যেহেতু, নির্বাচন সংক্রান্ত কাগজপত্রাদি সম্বলিত সীলগালাকৃত বস্তা ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতির নিকট রয়েছে, সেহেতু, অভিযোগকারীর প্রার্থীত তথ্য প্রদানের জন্য সভাপতিকে নির্দেশনা প্রদান করলে, তিনি সভাপতির সহায়তায় অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

## পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, সমবায় আইন বা বিধিতে নির্বাচনী ট্রাইব্যুনাল বা নির্বাচনী আপীল ট্রাইব্যুনাল গঠনের কোন বিধান নেই। বরং বিরোধ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সংস্থায় নিয়োজিত কর্মকর্তার নিকট সালিস ও আপীল করার বিধান রয়েছে যা প্রশাসনিক প্রকৃতির। কাজেই অভিযোগকারীর প্রার্থীত তথ্য গফরগাঁও ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতির নিকট সংরক্ষিত থাকায় তার অনুমতি ব্যতীত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে সরবরাহ করতে না পারায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০(৫) উপধারার বিধান অনুযায়ী ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতিকে সহায়ক কর্মকর্তা গণ্য করে তথ্য প্রদানের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদান করা সমীচীন হবে মর্মে কমিশন মনে করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতির সহায়তায় সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ: পৃ: দ্র:)

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৭-০৫-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য ইউ.সি.সি.এ.লিঃ এর সভাপতির সহায়তায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বিআরডিবি, গফরগাঁও, ময়মনসিংহ-কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** |
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(মোহাম্মদ ফারুক)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[মিজান]